

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১১০৮/২০২২

তারিখ: ২০ জানুয়ারি ২০২২
০৬ মাঘ ১৪২৮

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে 'ক্রেডিট গ্যারান্টি স্কিম' এর আওতায় ঋণসীমা পুনঃনির্ধারণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংক হতে জারিকৃত নির্দেশ বিজ্ঞপ্তি ৯৭৯/২০২০ তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২০-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


এক্ষণে, বাংলাদেশ ব্যাংক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট, সিজিএস ইউনিট কর্তৃক এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১১ তারিখ: ৩০ ডিসেম্বর ২০২১ জারি করা হয়েছে যা নিম্নে হুবহু উদ্ধৃত করা হলো:

উদ্ধৃত

- ২। নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই (CMSME) খাতের উদ্যোক্তাদের জন্য চলতি মূলধন বাবদ ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধার আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) খাতে সহায়ক জামানতবিহীন সম্ভাবনাময় উদ্যোক্তাদের ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ এর মাধ্যমে CMS খাতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা সংক্রান্ত নীতিমালা জারি করা হয়। উক্ত নীতিমালার ১.৬নং ক্রমিকে আলোচ্য স্কিমের আওতায় গ্যারান্টির জন্য ঋণ/বিনিয়োগ সুবিধার পরিমাণ সর্বনিম্ন ২ (দুই) লক্ষ টাকা এবং সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা হবে মর্মে উল্লেখ রয়েছে। এছাড়া পরিস্থিতি বিবেচনায় পরবর্তীতে ঋণ/বিনিয়োগ সীমা পুনঃনির্ধারণের বিষয়ে Manual of Credit Guarantee Scheme এর 5.1.2. অনুচ্ছেদে নির্দেশনা বর্ণিত রয়েছে।
- ৩। CMS খাতের প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তাগণ সহায়ক জামানতের অভাবে ব্যাংক হতে স্বল্প অংকের ঋণ/বিনিয়োগ সুবিধা পাচ্ছেন না মর্মে অভিযোগ রয়েছে। এছাড়া এ খাতের প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের ক্ষেত্রে ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় সর্বোচ্চ ঋণ/বিনিয়োগের সীমা বৃদ্ধিরও আবশ্যিকতা রয়েছে। এ প্রেক্ষিতে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত সিএমএসএমই (কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি) খাতে প্রণোদনা প্যাকেজের ২য় পর্যায়ের ৮২০,০০০ কোটি টাকার ঋণ/বিনিয়োগ বিতরণ শতভাগ বাস্তবায়ন নিশ্চিতকল্পে ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় CMS খাতের জামানতবিহীন প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তা এবং অন্যান্য ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের ক্রেডিট গ্যারান্টি সুবিধার আওতায় অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে উক্ত খাতে ঋণ/বিনিয়োগ প্রবাহ আরো বৃদ্ধির লক্ষ্যে স্কিমের ঋণ/বিনিয়োগের সীমা পুনঃনির্ধারণ করার আবশ্যিকতা দেখা দিয়েছে।
- ৪। বর্ণিত প্রেক্ষাপটে, সিএমএসএমই খাতে বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা দ্রুত বাস্তবায়নের মাধ্যমে দেশের অর্থনীতি পুনরুদ্ধার কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ এর ১.৬নং ক্রমিকে বর্ণিত নির্দেশনায় সর্বনিম্ন ২ (দুই) লক্ষ টাকা এবং সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা এর পরিবর্তে যথাক্রমে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকায় এবং সর্বোচ্চ ১ (এক) কোটি টাকায় ঋণ/বিনিয়োগ সীমা পুনঃনির্ধারণ করা হলো।
- ৫। উল্লিখিত নির্দেশনা ব্যতীত এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ এবং Manual of Credit Guarantee Scheme এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। **অনুদৃত**

ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংকের জারিকৃত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কীম বিষয়ক সকল কার্যাদি অত্র ব্যাংকের এসএমই ডিপার্টমেন্ট কর্তৃক সম্পাদিত হবে এবং এতদসংক্রান্ত কোনোরূপ স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন হলে এসএমই ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।


২০.০১.২০২২
সুলতানা রাজিয়া
উপমহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,


২০/০১/২০২২
মোঃ রমজান বাহার
মহাব্যবস্থাপক